

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অন্যান্য কিছু বানোয়াট হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. দুনিয়া আখিরাতের শস্যক্ষেত্র

আমরা জানি যে, আখিরাতের জন্য দুনিয়াতে কর্ম করতে হবে। তবে এ অর্থে একটি 'হাদীস' প্রচলিত, যা ভিত্তিহীন। 'হাদীসটিতে' বলা হয়েছে:

اَلدُّنْيَا مَزْرَعةُ الآخِرَةِ

''দুনিয়া হলো আখেরাতের শস্যক্ষেত্র।''

কথাটির অর্থ সঠিক হলেও তা হাদীস নয়। কোনো সহীহ, যয়ীফ বা মাউযূ সনদেও কথাটি কোথাও বর্ণিত হয় নি।

ফুটনোট

[1] সাগানী, আল-মাউদ্'আত, পৃ. ৬৪; সাখাবী, আল-মাকাসিদ, পৃ. ২২৭; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ১৭৪; মোল্লা কারী, আল-আসরার, পৃ. ১২৩; আল-মাসনূ, পৃ. ৭১; আজলূনী, কাশফুল খাফা ১/৪৯৫; দরবেশ হূত, আসনাল মাতালিব, পৃ. ১১০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5046

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন